ঝিনাইদহে শিবিরের ৪৮ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ঝিনাইদহ – ঝিনাইদহে বর্ণাঢ্য আয়োজনে পালিত হয়েছে বাংলাদেশ ইসলামী ছাত্র শিবিরের ৪৮ তম প্রতিষ্ঠাবার্ষিকী। সংগঠনটির শহর শাখার আয়োজনে বৃহস্পতিবার বিকেলে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে স্বাধীনতা চত্বরে গিয়ে শেষ হয়। পরে সেখানে সংক্ষিপ্ত সমাবেশে শহর শাখার সভাপতি মেহেদি হাসান রাজু, সাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল মামুন, প্রচার সম্পাদক আবরার জাহিদ রনিসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।
বক্তারা, স্বৈরাচার পরবর্তী স্বাধীন বাংলাদেশ গড়তে শিবিরের নীতি আদর্শ মেনে যার যার অবস্থান থেকে কাজ করার আহŸ◌ান জানান। সেই সাথে গণহত্যার দায়ে আওয়ামী লীগকে নিষিদ্ধ ও ছাত্রলীগের বিচারের দাবীও জানান।